দৈনিক ইত্তেফাক

64

তারিখ ... ... ... MAR. 14.2000
পৃষ্ঠা ... কলাম ...

## ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফরম প্রসঙ্গে

ঢাকা বিশ্ববিদ্যালয় এ বারের ভর্তি ফরমে কিছুটা ব্যতিক্রম লক্ষ্য করা যায়। কিন্তু যেজন্য ব্যতিক্রম তাহা মূল উদ্দেশ্যকে সম্পূর্ণরূপে সফল করিবে বলিয়া মনে করি না। মূল উদ্দেশ্য, যেন ফরম এক সাথে তুলিলেও পরীক্ষার সময় আসন পাশাপাশি না পড়ে। তাহার পরও দেখা যায়, অনেকেই কয়েক ঘন্টা অপেক্ষা করিয়া সিরিয়াল মিলাইয়া নিতেছে। আর কিছু কিছু মিডিয়া সেন্টার আছে, যাহারা ফরমের সিরিয়াল মিলাইয়া দেয় এবং যাহার বিনিময়ে একটি ফরমের মূল্য বাবদ এক হইতে দুই হাজার টাকা পর্যন্ত আদায় করিয়া থাকে। মিডিয়া সেন্টারগুলি কিভাবে সিরিয়াল অনুযায়ী ফরম সংগ্রহ করে, তাহা ভাবিয়া ব্যবস্থা নেওয়া উচিত। কম্পিউটারের যুগে এমন ব্যবস্থা কি নেওয়া সম্ভব নয়, যাহাতে আসন ইচ্ছা করিলেও প্যাশাপাশি পড়িবে না? আর তাহা করা গেলে মেধা যাচাই যেমন সুষ্ঠু হইবে, তেমনি পরীক্ষার স্বাভাবিক পরিবেশও বজায় থাকিবে। বিষয়টির প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

মোঃ রয়েল জিয়া,
জহুরুল হক হল,
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০